

পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি

কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অধীন “নিরাপদ উদ্যানতান্ত্রিক ফসল উৎপাদন ও সংগ্রহোত্তর প্রযুক্তি সম্প্রসারণ প্রকল্পে” প্রকল্প মেয়াদকালীন সময়ে নিম্নবর্ণিত পদ পূরণের লক্ষ্যে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন গ্রেড*	বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১।	হিসাব রক্ষণ কর্মকর্তা	০১	গ্রেড-০৯	সর্বোচ্চ ৩০ বছর	যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে হিসাব বিজ্ঞানে স্নাতকোত্তর ডিগ্রীসহ এশীয় উন্নয়ন ব্যাংক, FAO র বৈদেশিক সাহায্যপুস্তক সরকারী প্রকল্পে একাউন্টস অফিসার হিসাবে দায়িত্ব পালনের ১০ বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন। ডিএইর সমাপ্ত এসসিডিপি প্রকল্পে একই কাজের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে এবং বয়স শিথিলযোগ্য।

* বেতন গ্রেড অনুযায়ী সর্বসাকুল্যে বেতন ও সরকার কর্তৃক ঘোষিত জাতীয় বেতন স্কেল প্রযোজ্য হবে।

নিয়োগের শর্তাবলী :


১। নিম্নলিখিত বিবরণ ও সত্যায়িত সনদপত্রসহ আবেদন পত্র রেজিস্টার্ড ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে প্রকল্প পরিচালক, নিরাপদ উদ্যানতান্ত্রিক ফসল উৎপাদন ও সংগ্রহোত্তর প্রযুক্তি সম্প্রসারণ প্রকল্প, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মধ্য বিল্ডিং (৭ম তলা), বামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫ বরাবর আগামী ২২/১১/২০১৮ ইং তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে। সরাসরি দাখিলকৃত কোন আবেদনপত্র এবং নির্ধারিত তারিখ উত্তীর্ণের পর ডাকযোগে/ কুরিয়ার সার্ভিস অথবা অন্য কোন উপায়ে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

১.১ বিবরণঃ (ক) নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) ২২/১১/২০১৮ তারিখে প্রার্থীর বয়স (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) শিক্ষাগত যোগ্যতা (পরীক্ষার নাম, পাসের সন, বিভাগ, প্রাপ্ত বিভাগ (ট) অভিজ্ঞতা (যদি থাকে)।

১.২ আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে :

- (ক) সকল শিক্ষাগত যোগ্যতার মূল/ সাময়িক সনদের সত্যায়িত অনুলিপি (প্রশংসাপত্র/ মার্কসীট গ্রহণযোগ্য নয়)।
- (খ) সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি (প্রথম শ্রেণীর সরকারী গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।
- (গ) চারিত্রিক সনদপত্র (প্রথম শ্রেণীর সরকারী গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত)।
- (ঘ) নাগরিকত্ব সনদপত্র (স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/ ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত)।
- (ঙ) অভিজ্ঞতা সনদপত্রের অনুলিপি (প্রযোজ্য ক্ষেত্রে) যা ১ম শ্রেণীর সরকারী গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত।
- (চ) জাতীয় পরিচয় পত্রের অনুলিপি ১ম শ্রেণীর সরকারী গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত।
- (ছ) মুক্তিযোদ্ধার সন্তান, মহিলা, এতিম, প্রতিবন্ধী ও উপজাতি এবং আনসার (ভিডিপি) প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ সরকারী নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট এবং মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে তার পিতা/ মাতার অনুকূলে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের সত্যায়িত অনুলিপি।
- (জ) দরখাস্তের সঙ্গে প্রকল্প পরিচালক, নিরাপদ উদ্যানতান্ত্রিক ফসল উৎপাদন ও সংগ্রহোত্তর প্রযুক্তি সম্প্রসারণ প্রকল্প, ডিএই, বামারবাড়ি, ঢাকা-১২১৫ এর অনুকূলে ১০০/- (একশত) টাকা মূল্যমানের অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার, (যে কোন তফসিলি ব্যাংক হতে) সংযুক্ত করতে হবে (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়)।
- (ঝ) আবেদনপত্রের বামের উপরে ডান পাশে পদের নাম উল্লেখ করতে হবে এবং আবেদনপত্রের সাথে প্রার্থীর নাম ও পূর্ণ ঠিকানা উল্লেখ পূর্বক ১০/- (দশ) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাকটিকেটযুক্ত করে ৯.৫×৪.৫ ইঞ্চি বিশিষ্ট খাম প্রদান করতে হবে।

- ২। উল্লেখিত পদের জন্য মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়সসীমা ৩২(বত্রিশ) বছর এবং বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- ৩। কোন সরকারী সংস্থায় কর্মরত প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে পারবে। এক্ষেত্রে অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।
- ৪। আবেদনপত্রের সাথে সংযুক্ত ছবি এবং অন্যান্য কাগজপত্র সত্যায়িত করার ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার স্বাক্ষরের নীচে নাম ও ফোন নম্বরসহ সিল না থাকলে কিংবা সিলটি অস্পষ্ট হওয়ার কারণে কর্মকর্তার নাম ও পদবী পাঠযোগ্য না হলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- ৫। ক্রটিপূর্ণ/ অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।
- ৬। প্রার্থীকে সাক্ষাৎকারের সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।
- ৭। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান অনুসরণ করা হবে।
- ৮। লিখিত পরীক্ষা/ সাক্ষাৎকারের জন্য কোন রকম ভ্রমণ বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।
- ৯। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


(ড. মোঃ সাহিনুল ইসলাম)
প্রকল্প পরিচালক
ফোন : ৫৫০২৮২৩৫